# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-III Examination, 2021

## বাংলা

### অষ্টম পত্র

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৫০

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

**১নং থেকে ৫নং-এর মধ্যে যে-কোনো *দুটি* প্রশ্ন এবং ৬নং থেকে ৯নং পর্যন্ত প্রশ্ন নির্দেশ অনুসারে**

১। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) ‘মেঘদূত’ ও ‘কুমারসম্ভব’ কাব্য অবলম্বনে কালিদাসের কবি প্রতিভার পরিচয় দাও। ৭+৮

(খ) ভবভূতির নাট্যকৃতিত্ব বিষয়ে আলোচনা করে, বাংলা সাহিত্যে তাঁর গুরুত্ব কতখানি তা লেখো। ৮+৭

(গ) শূদ্রকের ‘মৃচ্ছকটিক’-কে ‘প্রকরণ’ আখ্যা দেওয়ার তাৎপর্য ব্যাখ্যা করে রচনাটির নামকরণের সার্থকতা বিচার করো। ৭+৮

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) শেক্সপীয়রীয় সনেটের বিষয়গত ও আঙ্গিকগত বৈশিষ্ট্য উল্লেখ করে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো। ৮+৭

(খ) ‘শেলী রোমান্টিক যুগের শ্রেষ্ঠ কবি’ — এই মন্তব্যের যথার্থতা বিচার করো। ১৫

(গ) কোন্ কোন্ বৈশিষ্ট্যের জন্য ‘বার্নার্ড শ’ আধুনিক যুগের শ্রেষ্ঠ নাট্যকার ? আলোচনা করো। ১৫

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) হিন্দী উপন্যাস সাহিত্যে প্রেমচন্দের স্থান নির্ণয় করো। ১৫

(খ) ছোটগল্পকার হিসেবে ফণীশ্বরনাথ রেণুর কৃতিত্বের পরিচয় দাও। ১৫

(গ) মহাদেবী বর্মার কাব্যগ্রন্থগুলির পরিচয় দিয়ে তাঁর কবি কৃতিত্ব বর্ণনা করো। ১৫

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) “এই অতিরিক্ত বস্তুই কাব্যের আত্মা” — অতিরিক্ত বস্তুটি কী ? কীভাবে তা কাব্যের আত্মা হয়ে উঠেছে, বুঝিয়ে বলো। ১৫

(খ) ‘রস হচ্ছে নিজের আনন্দময় সম্বিতের আস্বাদ-রূপ একটি ব্যাপার’ — রসের স্বরূপ ব্যাখ্যায় উক্তিটি কতখানি যথার্থ, আলোচনা করো। ১৫

(গ) “রীতিরাত্মা কাব্যস্য” — এই মন্তব্যটির ব্যাখ্যা করো এবং কাব্যের আত্মা বিচারে রীতির গ্রহণযোগ্যতা কতখানি তা বিচার করো। ১৫

৫। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) “বস্তুত বহিঃপ্রকৃতি এবং মানব চরিত্র মানুষের হৃদয়ের মধ্যে অনুক্ষণ যে আকার ধারণ করিতেছে, যে সংগীত ধ্বনিত করিয়া তুলিতেছে, ভাষা রচিত সেই চিত্র এবং গানই সাহিত্য।” — কীভাবে বাইরের জগৎ হৃদয়ের মধ্যে প্রবেশ করে আর একটা জগৎ হয়ে উঠছে এবং কীভাবে তা সাহিত্য হয়ে উঠছে, রবীন্দ্রনাথের অনুসরণে তা ব্যাখ্যা করো। ১৫

(খ) "মন প্রকৃতির আরশি নহে, সাহিত্যও প্রকৃতির আরশি নহে।" — মন ও সাহিত্য কেন প্রকৃতির আরশি নয়, রবীন্দ্রনাথের 'সাহিত্যের বিচারক' প্রবন্ধ অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দাও। ১৫

(গ) আধুনিক কবি বলিয়াছেনঃ "Truth is beauty, beauty is truth" আধুনিক কবি কে ? তাঁর প্রকৃত উক্তিটি কী ? লেখককৃত রূপান্তর কীভাবে প্রবন্ধে ব্যাখ্যাত হয়েছে, তা দেখাও। ১+২+১২

৬। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫×১ = ৫

(ক) ঋতুসংহার

(খ) অভিজ্ঞানশকুন্তলম্

(গ) হর্ষচরিত

(ঘ) গীতগোবিন্দম্

(ঙ) কাদম্বরী।

৭। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫×১ = ৫

(ক) এ টেল অফ টু সিটিজ

(খ) প্যারাডাইস লস্ট

(গ) ওড্ টু এ নাইটিঙ্গেল্

(ঘ) ম্যাকবেথ

(ঙ) দ্য ওয়েস্টল্যাণ্ড।

৮। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫×১ = ৫

(ক) বড়ে ঘর কী বেটি

(খ) ভারত দুর্দশা

(গ) অনামিকা

(ঘ) কুকুরমুত্তা

(ঙ) পল্টুবাবু রোড

(চ) বঙ্গদর্শন।

৯। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) স্থায়ীভাব।

(খ) নবরস।

(গ) কাব্যের জগৎ অলৌকিক মায়ার জগৎ।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

———×———